দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

25

তারিখ 19 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 6

### জাতীয় জীবনে জাতীয় কবির কর্মের প্রতিফলন চাই ঃ এরশাদ

# সকল বিশ্ববিদ্যালয়ে 'নজরুল চেয়ার' প্রবর্তনের সিদ্ধান্ত

বাসস জানায়, গতকাল (রবিবার) প্রেসিডেন্টের সচিবালয়ে এক উচ্চ পর্যায়ের বৈঠকে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের রচনার ব্যাপক প্রচার, সংরক্ষণ ও সংগ্রহের জন্য বিভিন্ন পদক্ষেপ লইয়া আলোচনা হয়।

প্রেসিডেন্ট এরশাদের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী নুর মোহাম্মদ খান, জাতীয় অধ্যাপক সৈয়দ আলী আহসান, তথ্য সচিব এ এনএম ইউসুফ, (২য় পৃঃ দ্রঃ)

জাতীয় কবির কর্মের যথাযথ প্রতিফলন থাকিতে হইবে। তিনি নজরুল সংগীতের সংগ্রহ, সংরক্ষণ ও প্রচারের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি নজরুলের সঠিক বাণী ও স্বরলিপি সংরক্ষণের উপরও গুরুত্ব আরোপ করেন। তিনি জাতীয় জীবনের বিভিন্ন ক্ষেত্রে জাতীয় কবির যথাযোগ্য মর্যাদা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি নির্দেশ দেন। প্রেসিডেন্ট বলেন, এই লক্ষ্য অর্জনে এই খাতের সংশ্লিষ্ট সকল সংস্থাকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করিতে হইবে। তিনি নজরুলের রচনা ও গান জনপ্রিয় করিয়া তোলারও আহ্বান জানান। বৈঠকে নজরুলের রচনাবলী প্রকাশনা ও স্বলভ মূল্যে বিক্রয়ের জন্য পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়। ইহাছাড়া নজরুলের গান পুস্তকাকারে সংকলিত করারও সিদ্ধান্ত হয়। বৈঠকে আরও সিদ্ধান্ত হয় যে, নজরুলের নির্বাচিত রচনা ইংরেজীতে অনুবাদ এবং উহা প্রকাশের পদক্ষেপ গ্রহণ করা হইবে। বৈঠকে আরও সিদ্ধান্ত হয় যে, নজরুলের নামে স্থায়ী অধ্যাপকের পদমর্যাদায় দেশের সকল করা হইবে। ইহাছাড়া নজরুল ইনস্টিটিউট কবির জীবন ও কর্মের উপর আলোচনা সভা, সেমিনার ও কর্ম শিবিরের আয়োজন করিবে। সঠিক স্বরলিপির নজরুল সঙ্গীতে সহজলভ্য পুরাতন ডিস্ক অডিও ক্যাসেটে রেকর্ড এবং উহার ব্যাপক প্রচারের ব্যবস্থা করিতে হইবে। বৈঠকে আরও সিদ্ধান্ত হয় যে, আগামী পাঁচ বছরে একশত নজরুল সঙ্গীত শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হইবে। বৈঠকে কবি নজরুল ইসলামের জন্মবার্ষিকী জাতীয় পর্যায়ে উদযাপনের সিদ্ধান্ত নেওয়া হয়। কবির জন্মদিন ১১ই জৈষ্ঠ্য বঙ্গভবনে অনুষ্ঠানের আয়োজন করা হইবে। প্রতিবছর নজরুল সঙ্গীতের উপর সম্মেলন অনুষ্ঠিত হইবে। সকল সরকারী, আধা সরকারী এবং সরকারের সহায়তায় পরিচালিত লাইব্রেরীতে জাতীয় কবি নজরুলের রচনাবলী রাখিতে হইবে।

বাংলাদেশ টেলিভিশন ও রেডিও বাংলাদেশ অধিকহারে নজরুলের গান ও নাটক প্রচার করিবে এবং নজরুল সংগীত শিক্ষা দেওয়ার জন্য অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করিবে।